

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৮৯৪

२८/ शानशाव ও शानीश (اكتاب الأشربة عن رسول الله الله عن رسول الله عن رسول الله عن الله عن رسول الله الله عن ال

পরিচ্ছেদঃ ২০. সবার পান করার শেষে পরিবেশনকারী পান করবে

باب مَا جَاءَ أَنَّ سَاقِيَ الْقَوْمِ آخِرُهُمْ شُرْبًا

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، عَنْ ثَابِتِ الْبُنَانِيِّ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ رَبَاحٍ، عَنْ أَبِي قَتَادَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " سَاقِي الْقَوْمِ آخِرُهُمْ شُرْبًا " . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ أَبِي أَوْفَى . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

১৮৯৪। আবূ কাতাদা (রাঃ) হতে বর্ণিত আছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ লোকদেরকে পানীয় পরিবেশনকারী সবার পান করা শেষে পান করবে।

সহীহ, ইবনু মা-জাহ (৩৪৩৪), মুসলিম

ইবনু আবী আওফা (রাঃ) হতেও এ অনুচ্ছেদে হাদীস বর্ণিত আছে। এ হাদীসটিকে আবূ ঈসা হাসান সহীহ বলেছেন।

English

Narrated Abu Qatadah:

That the Prophet (said: "The one providing water for people is the last of them to drink."

He said: There is something on this topic from Ibn Abi Awfa.

[Abu 'Eisa said:] This Hadith is Hasan Sahih.

হাদিসের শিক্ষা



- * এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:
- ১। ইসলামি আদব কায়দার মধ্যে এই বিষয়টি রয়েছে যে, যে ব্যক্তি কোনো সমাজের মধ্যে লোকজনকে পানীয় দ্ব্য পরিবেশন করবে, সে যেন সমাজের লোকজনের মধ্যে যে ব্যক্তি সব থেকে বেশি শ্রেষ্ঠ ও সম্মানিত ব্যক্তি থাকবেন তাকেই সর্ব প্রথমে পানীয় দ্ব্য প্রদান করবে। কিংবা যে ব্যক্তি তার ডান পাশে থাকবে তাকেই সর্ব প্রথমে পানীয় দ্ব্য প্রদান করবে। আর সমস্ত লোকজনকে পানীয় দ্ব্য পরিবেশন করার পর স্বার শেষে নিজে পরিবেশনকারী ব্যক্তি পানীয় দ্ব্য পান করবে।
- ২। অনুরূপভাবে খাদ্যদ্রব্য, পানীয় দ্রব্য, দুধ ও অন্যান্য বস্তু যেমন মাংস এবং ফলমূল ইত্যাদি সমস্ত লোকজনকে পরিবেশন ও বিতরণ করার পর সবার শেষে পরিবেশনকারী ব্যক্তি নিজের অংশ নিজেই নিবে।
- ৩। লোকজনকে পরিবেশন করার এই হাদীসটির মধ্যে এবং যে হাদীসেটির মধ্যে বলা হয়েছে: "প্রথমে তুমি নিজের প্রাপ্য বা অংশ নিয়ে নিবে"। [সহীহ মুসলিম, হাদীস নং ৪১ -(৯৯৭) এর অংশবিশেষ দেখতে পারা যায়]। এই হাদীসটির মধ্যে কোনো প্রকারের বিরোধিতা নেই। যেহেতু পরিবেশন করার হাদীসটি উক্ত সাধারণ হাদীসটির ব্যাপকতার মধ্যে পড়ছে না। তাই এই হাদীসটি তাতে থেকে ব্যতিক্রমী ও অসাধারণ বিধান হিসেবে গনণীয় হাদীস।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আবু কাতাদাহ আল-আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন